

## **কী সেবা , কিভাবে পাবেনঃ**

### **উদাহরণ- ১**

সেবা নাম : কৃষি প্রণোদনা / পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন :

ধাপ সমূহ : ( কীভাবে পাবেন )

১ম ধাপ : মন্ত্রণালয় / জাতীয় পর্যায়ে থেকে নীতিমালা ও রেজুলেশনসহ জেলা পর্যায়ে বরাদ্দ প্রদান ।

২য় ধাপ : জেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক রেজুলেশন সহ উপজেলায় উপ বরাদ্দ প্রদান ।

৩য় ধাপ : উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক ইউনিয়ন পর্যায়ে উপ বরাদ্দ প্রদান ।

৪র্থ ধাপ : ইউনিয়ন কৃষি কমিটি কর্তৃক উপযুক্ত কৃষক নির্বাচন ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি , অনুমোদন ও উপজেলায় প্রেরণ ।

৫ম ধাপ : প্রাপ্ত অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক যাচাই ও অনুমোদন ।

৬ষ্ঠ ধাপ : বরাদ্দপ্রাপ্ত উপকরণ ( সার , বীজ ) ক্রয় এবং ইউনিয়ন পর্যায়ে বিতরণ।

৭ম ধাপ : ইউনিয়ন কৃষি কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কৃষককে কৃষি কার্ড ও ছবিসহ মাস্টার রোলার মাধ্যমে উপকরণ বিতরণ ও তা সংরক্ষণ।

### **উদাহরণ - ২**

সেবা নাম : বালইনাশক লাইসেন্স প্রদান/ নবায়ন :

ধাপসমূহ :

১ম ধাপ : একজন প্রাপ্ত বয়স্ক উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি (পুরুষ) উপজেলা কৃষি অফিসে নির্ধারিত ফরমে আবেদন করবেন ( ড্রেড লাইসেন্স, ড্রেজারি চালানসহ)।

২য় ধাপ : এসএপিপিও এবং এইও ( পিপি )/ ইউএও কর্তৃক আবেদনকারীর দোকান, এলাকার চাহিদা ও অন্যান্য যোগ্যতা যাচাই এবং সুপারিশ প্রদান/ বাতিল ও জেলায় প্রেরণ ।

৩য় ধাপ : জেলায় অতিরিক্ত উপ পরিচালক ( পি পি ) প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই ও প্রয়োজনে পূর্ণ: তদন্ত পূর্বক সন্তুষ্ট হলে লাইসেন্স ইস্যু বা নবায়ন করে উপজেলায় প্রেরণ করবেন ।

৪র্থ ধাপ : আবেদনকারী উপজেলা থেকে লাইসেন্স সংগ্রহ করবেন এবং এর ফটোকপি দোকানের দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে রাখবেন ।

### **উদাহরণ - ৩**

সেবার নাম : প্রকল্প ভিত্তিক প্রদর্শনী স্থাপন :

১ম ধাপ : উপ পরিচালকের কার্যালয় কর্তৃক উপজেলায় প্রদর্শনী / প্রশিক্ষণের বরাদ্দ প্রদান।

২য় ধাপ : উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক এসএএও সভায় প্রাপ্ত বরাদ্দ উপস্থাপন, প্রদর্শনী স্থাপনের উপযোগী জমি ও ক্যাটাগরি ভিত্তিক উপযুক্ত কৃষক নির্বাচন বিষয়ক বিস্তারিত আলোচনা।

৩য় ধাপ : এসএএও কর্তৃক কৃষক দলের সাথে আলোচনা ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি ও উপজেলা কৃষি অফিসে জমা দান।

৪র্থ ধাপ : ইউএও / এইও কর্তৃক নির্বাচিত জমি ও কৃষকের মতামত যাচাই এবং অনুমোদন/ বাতিল।

৫ম ধাপ : নির্বাচিত কৃষকদের প্রদর্শনীর প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও উপকরণ বিতরণ।

৬ষ্ঠ ধাপ : কৃষক, এসএএও এবং ইউএও/ এইও এর উপস্থিতিতে প্রদর্শনী স্থাপন ও পরবর্তী কার্যক্রম বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান।

৭ম ধাপ : কৃষক, এসএএও এবং এইও কর্তৃক প্রদর্শনী প্লট নিয়মিত পরিদর্শন / মনিটরিং, শর্স কর্তন , মাঠ দিবস , এর প্রভাব ও ফলাফল প্রতিবেদন প্রেরণ ।

## **কৃষি প্রযুক্তিঃ**

কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষির আধুনিকায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে বর্তমানে যে সকল কৃষি প্রযুক্তি মাঠে ব্যবহৃত হচ্ছে -

অ) ভাসমান বেডে সবজি চাষ।

আ) গ্রীষ্মকালীন পেঁয়াজ/ তরমুজ/ টমেটো চাষ।

ই) ধানের সঠিক বয়সের চারা রোপন

ঐ) ধানের সমলয় চাষ পদ্ধতি

### **ক) ক্ষতিকর পোকা দমনঃ**

১. সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার

২. স্টিকি ইয়োলো কার্ড ব্যবহার।

৩. জৈব বালাইনাশক

৪. ট্রাইকোডার্মা

### **খ) সার প্রয়োগঃ**

১. ভার্মি কম্পোস্ট

২. কুইক কম্পোস্ট

৩. ট্রাইকো লিচেট

৪. জীবাণু সার

৫. ফলিয়ার স্প্রে

৬. সুষম সার ব্যবহার

### **গ) সেচ প্রদান সংক্রান্তঃ**

১. এডব্লিউডি পদ্ধতি

২. ফিতা পাইপ

৩. ড্রিপ সেচ

৪. বারিড পাইপ

৫. হাইড্রোফনিক চাষ

### **ঘ) নতুন জাত সম্প্রসারণঃ**

১. উফশী জাত - দানাদার ফসল, ফল ও সবজি

২. হাইব্রিড জাত - ধান, ভূট্টা, ফল ও সবজি (ক্যাপসিকাম, লেটুস, ব্রকোলী)

### **ঙ) পারিবারিক পুষ্টি উন্নয়নঃ**

১. বসতবাড়িতে সারা বছর বাগানাকারে সবজি চাষ।

২. বসতবাড়িতে উন্নত জাতের ফলের চারা রোপন, পরিচর্যা ও বছরব্যাপি ফল উৎপাদন।

৩ বাড়ির পাশে পতিত জমিতে ছায়াযুক্ত স্থানে আদা, হলুদ, মিষ্টি আলু, পুঁইশাক, লেবু ও ধনিয়ার চাষ।

৪. পুকুরপাড়ে পানির উপর চালায় লাউ, করলা, শশা ও তরমুজ চাষ।

৫. অফলা গাছে গোল মরিচ, পান ও গাছ আলু চাষ।

৬. ঘরের চালায় লাউ ও কুমড়া চাষ।

### চ) বীজ উদ্যোগক্রা তৈরি, মান সম্পন্ন বীজ উৎপাদন ও সংরক্ষণঃ

১. কৃষক দলভিত্তিক উফশী জাতের ধান, গম, পাট ও আলুবীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ।

২. আধুনিক উফশী জাতের ডাল, তেল ও মসলা ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ।

### ছ) কৃষি যান্ত্রিকীকরণঃ

১. ধান কাটারযন্ত্র - রিপার, মিনি ও কম্বাইন্ড হার্ডেস্টার।

২. রাইস ট্রান্সপ্লান্টার

৩. সিড ড্রিলার / শেল ক্রাসার (ভূট্টা)

৪. উইডার/ হারোয়ার/ সিড ড্রায়ার

### জ) নতুন ফসল ও বিদেশি ফল সবজি চাষঃ

১. ভূট্টা, আম, পেয়ারা, কুল, তরমুজ, ড্রাগন ফল, নাশপাতি, রাশুটান,

২. সবজি - লিক, ফ্রেন্সবীন, ব্রকোলি, স্কোয়াস, ক্যাপসিকাম, লেটুস।

### ঝ) উচ্চ মূল্যের ফসল চাষঃ

১. তরমুজ, ক্যাপসিকাম, ড্রাগন ফল, বিদেশি আম, পেয়ারা, কাজুবাদাম, কালোজিরা, শরিফা,।

### ঞ) ছাদ বাগানঃ

১. ছাদ বাগানের নকসা তৈরি

২. ছোট আকৃতির ফল, সবজি, ফল ও ওষুধি গাছের বাগান স্থাপন

### ট) মালচিংঃ

১. জৈব আবর্জনা দ্বারা মালচিং।

২. পলিথিন শীট মালচিং ( তরমুজ, শশা, টমেটো)

### ঠ) ফ্রুটিংঃ

১. ফ্রুটিং - আম, পেয়ারা, মাল্টা, কমলা, লেবু।

২. কলম - গ্রাফটিং - আম, মাল্টা, লেবু, কাঠাল, জাম্বুরা।